# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪৯৩

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - কিয়ামতের পূর্বলক্ষণসমূহ এবং দাজ্জালের বর্ণনা

اَلْفصْلُ الثَّالِثُ (بَابُ الْعَلَامَاتِ بَيْنَ يَدَيِ السَّاعَةِ وَذِكْرِ الدَّجَّالِ)

---

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَخْرُجُ الدَّجَّالُ عَلَى حِمَارٍ أَقْمَرَ مَا بَيْنَ أُذُنَيْهِ سَبْعُونَ بَاعًا» . رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «كِتَابِ الْبَعْثِ وَالنُّشُورِ»

لم اجده ، رواه البيهقى فى البعث و النشور (لم اجده) * و روى البخارى فى التاريخ الكبير (1 / 199) عن اسماعيل عن اخيه عن سليمان عن محمد بن عقبة بن ابى عتاب المدينى عن ابيه عن ابى هريرة عن النبى صلى الله عليه و آله وسلم به و سنده ضعيف ، محمد بن عقبة و ابوه لم يوثقهما غرى ابن حبان فيما اعلم ، و روى ابن ابى شيبة (15 / 161 ـ 162 ح 37525) عن وكيع عن فطر عن ابى الطفيل عن رجل من اصحاب النبى صلى الله عليه و آله وسلم قال :'' يخرج الدجال على حمار رجس ، رجس على رجس ‘‘ و سنده حسن ۔

(ضَعِيف)

বাংলা

৫৪৯৩-[৩০] আবূ হুরায়রাহ্ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: দাজ্জাল একটি ধবধবে সাদা বর্ণের গাধায় আরোহী হয়ে বের হবে। তার দু কানের মধ্যবর্তী স্থানটি সত্তর (দূরত্ব) পরিমাণ চওড়া হবে। (বায়হাক্বী’র “কিতাবুল বা’সি ওয়ান্ নুশূর”)

ফুটনোট

সনদ খুবই যঈফ: কারণ সনদে আবদুল আযীয ইবনু ইয়াহইয়া আল মাদানী মাতরূক, ইবরাহীম ইবনুল মুনযির

তাকে মিথ্যুক বলেছেন; য'ঈফাহ ১৯৬৮, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭৫৩৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (حِمَارٍ أَقْمَرَ)শুভ্র গাধা তথা দাজ্জাল উজ্জ্বল চেহেরা বিশিষ্ট ধবধবে সাদা গাধার পিঠে আরোহণ করে আবির্ভূত হবে। গাধাটির দুই কানের মধ্যের দূরত্ব হবে ৭০ গজ। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85471

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন